

**Public Relations Office**  
University of Dhaka  
Dhaka-1000, Bangladesh  
Phone: 55167719  
Fax: 880-2-55167810  
E-mail: [publicrelations@du.ac.bd](mailto:publicrelations@du.ac.bd)  
নং-জস/২১৪/২০২৪-২০২৫



**জনসংযোগ অফিস**  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা- ১০০০, বাংলাদেশ  
ফোন : ৫৫১৬৭৭১৯

১২ অগ্রহায়ণ ১৪৩১  
২৭ নভেম্বর ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### **কিউএস এশিয়া র‍্যাঙ্কিং-এ দেশ সেরা ঢাবি**

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং-এ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শীর্ষ স্থান অধিকার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এশিয়ার বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১১২ তম। গতবছর এই অবস্থান ছিল ১৪০ তম। সে হিসেবে এবারের র‍্যাঙ্কিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয় ২৮ ধাপ এগিয়েছে।

গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। প্রতি বছরের নভেম্বর মাসের শুরুতে তালিকাটি প্রকাশ করা হয়। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দ্য ইউনিভার্সিটি অব হংকং তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে। র‍্যাঙ্কিংটি প্রধানত ১১টি সূচকের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এরমধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়েছে।

কিউএস প্রতিবছর কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাঙ্কিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়।

উল্লেখ্য, এবছর কিউএস সাসটেইনেবিলিটি বিশ্ব র‍্যাঙ্কিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৩৪ তম স্থান অর্জন করেছে। সম্প্রতি এই র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়েছে।

*মোহাম্মদ রফিকুল ইসলাম*

২৭/১১/২০২৪

(মোহাম্মদ রফিকুল ইসলাম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ দফতর

ঢাকা বিশ্ববিদ্যালয়